অভিমত

‘আয়েশা সেবালয়’ চিকিৎসালয়ের চিকিৎসক জনাব মোবাশ্শের হোসেন বি-এ গ্রাজুয়েট সাহেব এক চিঠিতে লেখককে বলেন,

“এ পর্যন্ত আপনার প্রণীত, সঞ্চিত ও অনূদিত যতগুলি পুস্তক-পুস্তিকা আমার হস্তগত হয়েছে, সবগুলি আমি মনোনিবেশ সহকারে অধ্যয়ন করলাম। আপনার সমস্ত পুস্তকগুলি আমার পাপী ও দুর্বল ঈমানযুক্ত হৃদয়কে নাড়া দিয়েছে। আমার কাছে তথা সমগ্র মুসলিম সমাজে বইগুলি সমাজ-সংস্কারের ভূমিকা গ্রহণ করেছে বা করবে - ইনশাআল্লাহ। আর তাতে আমার অনেক অজানা তথ্য এবং কেউ যাকে ভুল মনে করে না এমন কিছু ভুল উল্লেখিত হয়েছে, যা এ নোংরা পরিবেশ এবং ধর্ম-বিমুখ সমাজকে চেতনাদানের জন্য হযরত উমর (রাঃ)এর বেত্রাঘাতের সমান। বিভিন্ন মতভেদের গভীরে এই সমস্ত পুস্তকগুলি নিখুঁত হীরের মত দীপ্তিমান। এক কথায় আপনার পুস্তকগুলির যতই প্রশংসা করি না কেন, সকল সুবাক্য সেগুলির তুলনায় নগণ্য। পক্ষান্তরে হাদীস বলে, প্রশংসা অহমিকাকে বাড়িয়ে দেয়। তাই এখানেই ক্ষান্ত হচ্ছি।

তবে আশা রাখি, এই ধরনের আরও পুস্তকাদি আমরা আপনার নিকট থেকে উপহার পাবো - ইনশা আল্লাহ। যে পুস্তক আমাদের সমাজে চলতে থাকা অনেক কুপ্রথা ও নোংরা নিয়মের গড়ে ওঠা মেকীর মহলকে ভেঙ্গে খান খান করবে আশা রাখি। এই ধরনের কাজ যেন আল্লাহ আপনার দ্বারা করিয়ে নেন এই দুআ করি। আমীন।

আমার তুলনায় আপনি অনেক অনেক ঊর্ধ্বে। মহান মহান ব্যক্তিবর্গের সহিত আপনার সম্পর্ক। তবুও কিছু অভিমত ও অনুরোধ রাখলাম এই কথা স্মরণ রেখে যে, আমার নবী ﷺ নগণ্য লোকের কথার প্রতিও ভ্রূক্ষেপ করতেন এবং তার মূল্য দিতেন। -----

পরিশেষে আল্লাহর নিকট প্রার্থনা যে, তিনি যেন আপনাকে দাওয়াতী কর্মে অধিকাধিক তওফীক দান করুন। আমীন।”

আল্লাহ হাফেয।

ইতিঃ
মোবাশশের হোসেন
পুবার (শান্তি পাড়া), বর্ধমান।

২৭/১/২০০৩ ইং

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com